

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দা-এর কূটনৈতিক উইংয়ে রাজস্ব খাতে স্থানীয় ভিত্তিক শূণ্যপদে ০১(এক) জন ডাটাবেজ এক্সপার্ট নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম	পদসংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	ডাটাবেজ এক্সপার্ট	০১টি (রাজস্ব)	১৮ থেকে ৩০ বছর (অভিজ্ঞ ও বিভাগীয়) প্রার্থীদের ক্ষেত্রে বয়সমীমা শিথিলযোগ্য।	(ক) স্বীকৃত শিক্ষা বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি, অথবা ০৪(চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক পাশ; (খ) কম্পিউটার অপারেশন সম্পর্কিত কাজে (Network maintenance, Hardware troubleshooting, Software development, Graphics designing) এ নূন্যতম ০৫(পাঁচ) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকতে হবে; (গ) সৌদি আরবের ভাষাজ্ঞান সম্পর্কে ধারণা থাকতে হবে; (ঘ) বৈধ ইকামা থাকতে হবে এবং (ঙ) বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলীঃ

- (ক) প্রার্থীকে বাংলাদেশী নাগরিক হতে হবে।
- (খ) আবেদনে প্রার্থীর নাম, পিতার নাম, মায়ের নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ১৫ জানুয়ারি ২০১৯ তারিখে বয়স, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখপূর্বক মান্যবর কনসাল জেনারেল বরাবর আগামী ৩১ জানুয়ারি ২০১৯ তারিখ বিকাল ০৪:০০ ঘটিকার মধ্যে সরাসরি/ ডাকযোগে আবেদন পৌঁছাতে হবে।
- (গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের ফটোকপি, বৈধ পাসপোর্ট, বৈধ ইকামার ফটোকপি এবং অভিজ্ঞতা সনদপত্রে ফটোকপি আবেদনের সাথে সংযুক্ত থাকতে হবে;
- (ঘ) চাকরিরত প্রার্থীদেরকে নিয়োগকর্তা/কফিলের নিকট থেকে অনাপত্তি/ অনুমতিপত্র দাখিল করতে হবে;
- (ঙ) অসম্পূর্ণ এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে;
- (চ) প্রার্থীগণকে লিখিত, Aptitude test ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;
- (ছ) নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
- (জ) সময়ে সময়ে জারিকৃত বিভিন্ন সরকারি নির্দেশনা অনুসরণে বেতন, ভাতাদি ও অন্যান্য সুবিধা নির্ধারিত হবে।
- (ঝ) বাছাইকৃত প্রার্থীকে উপযুক্ত কর্তৃপক্ষের সন্তোষজনক তদন্ত প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে এ নিয়োগ চূড়ান্ত করা হবে।


(মোস্তফা জামিল খান)

প্রথম সচিব ও কার্যালয় প্রধান

বিতরণঃ

- ১। বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দা, সৌদি আরব-এর নোটিশ বোর্ড/ওয়েব সাইট।
- ২। বাংলাদেশ হজ্জ মিশন, জেদ্দা/মক্কা/মদিনা-এর নোটিশ বোর্ড।
- ৩। বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।

অনুলিপিঃ

- ১। মান্যবর কনসাল জেনারেল-এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দা, সৌদি আরব।
- ২। অফিস কপি।